গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা-৬ শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>সচিব |
| সভার তারিখ | ২৫ অক্টোবর ২০২১। |
| সভার সময় | দুপুর ১২.০০ ঘটিকা। |
| স্থান | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৬৩৩, ভবন নং-০৭), বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা 'পরিশিষ্ট-ক' দ্রষ্টব্য। |

## ২.০ উপস্থাপনা

২.১ সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সভার বিষয়বস্তু উপস্থাপন করার জন্য প্রকল্প পরিচালক-কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক আলোচ্য সূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভাটি সরাসরি ও জুম প্লাটফর্মে অনুষ্ঠিত হয়।

## ৩.০ আলোচনা

৩.১ সভায় প্রকল্প পরিচালক জানান যে, "মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দি চরস (এমফোরসি)-২য় পর্যায়" শীর্ষক প্রকল্পটি মোট ৫৯৮৬.০০ লক্ষ (জিওবি: ১৪৭৬.০০ লক্ষ এবং প্রকল্প সাহায্য: ৪৫১০.০০ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১ জানুয়ারি ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২৪ মেয়াদে মোট ০৬ টি (রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, জামালপুর এবং শরীয়তপুর) জেলায় বাস্তবায়নাধীন রয়েছে।

প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থবছরে মোট ১৫৮০.০০ লক্ষ {জিওবি মোট ৩৬৮.০০ লক্ষ (রাজস্ব ১১৫.০০ ও মূলধন ২৫৩.০০) টাকা এবং প্রকল্প সাহায্য মোট ১২১২.০০ লক্ষ (রাজস্ব ৭১৮.০০ লক্ষ ও মূলধন ৪৯৪.০০ লক্ষ)} টাকা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রকল্পের থোক বরাদ্দ হতে বরাদ্দ প্রদানের সরকারি আদেশ জারী করা হয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থবছরে থোক বরাদ্দ হতে ১ম ও ২য় কিস্তি বাবদ ১৮৪.০০ লক্ষ (রাজস্ব ৫৭.৫০ লক্ষ ও মূলধন ১২৬.৫০ লক্ষ) টাকা অর্থ অবমুক্তির প্রস্তাব গত ১২.১০.২০২১ খ্রি. তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়েছে।

৩.২ প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, জানুয়ারী ২০২১ হতে সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত প্রকল্প সাহায্য হতে মোট ব্যয় হয়েছে ৯৮৩.৯৭ লক্ষ টাকা। তিনি আরও জানান যে, প্রকল্প শুরুর পূর্বের কাজ (যেমন- কর্ম এলাকা পরিদর্শন ও বিভিন্ন তথ্য সংগ্রহ, এরিয়া ও সেক্টর এসেসমেন্ট, স্টেকহোল্ডার কন্সাল্টেশন, টিএপিপি প্রণয়নে সহায়তা প্রদান সহ ইত্যাদি) সম্পাদনের খরচ উক্ত ব্যয়ের মধ্যে অন্তর্ভুক্ত আছে।

৩.৩ প্রকল্প পরিচালক সভাকে আরও অবহিত করেন যে, প্রকল্পের আওতায় আউটসোর্সিং প্রক্রিয়ায় ১৩ জন জনবলের (সুপারভাইজার-১২ জন এবং ম্যাসেঞ্জার-০১ জন) সেবা ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং প্রকল্পের ০১ টি স্টাফ ওরিয়েন্টেশন এবং ০১ টি স্টাফ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। এছাড়াও বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান ও সেক্টরকে প্রকল্পের কার্যক্রমে সহযোগিতার অনুরোধ জানিয়ে ইতোমধ্যে মহাপরিচালক কর্তৃক স্বাক্ষরিত পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্প পরিচালক আরও জানান যে, চলমান ২০২১-২২ অর্থবছরে সময়মত বরাদ্দ না পাওয়ায় মাঠপর্যায়ের কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম ব্যাহত হচ্ছে। অর্থপ্রাপ্তি সাপেক্ষে লক্ষ্যমাত্রা অনুযায়ী চলতি অর্থবছরে গরু পালন

ও মোটাতাজাকরণ বিষয় প্রশিক্ষণ- ০১ ব্যাচ, নার্সারী ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ- ০২ ব্যাচ, চরাঞ্চল উপযোগী ফসল উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ- ০১ ব্যাচ, বিজনেস টু বিজনেস বিষয়ক প্রশিক্ষণ- ০১ ব্যাচ, কৃত্রিম প্রজনন বিষয়ক প্রশিক্ষণ- ০১ ব্যাচ এবং বাজার উন্নয়ন (স্থানীয় এবং ই-মার্কেটিং) বিষয়ক প্রশিক্ষণ- ০২ ব্যাচ, হস্তশিল্প এবং সেলাই বিষয়ক প্রশিক্ষণ- ০১ ব্যাচ প্রদান করা হবে। এছাড়াও নির্বাচিত ০৬টি জেলার প্রকল্প এলাকায় প্রকল্পের কার্যক্রম বিষয়ক অবহিতকরণ কর্মশালা আগামী নভেম্বর-ডিসেম্বর, ২০২১ এর মধ্যে বাস্তবায়ন করা হবে।

৩.৪ "মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দি চরস্ (এমফোরসি)-২য় পর্যায়" শীর্ষক প্রকল্পের উন্নয়ন ঋণ কার্যক্রম নীতিমালা এবং মোবাইল টাইপ স্টোরেজ সম্পর্কে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করলে সভায় এ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে মোবাইল টাইপ স্টোরেজ নামকরণের পরিবর্তে পোর্টেবল স্টোরেজ নামকরণ করার বিষয়ে সভার সদস্যগণ একমত পোষণ করেন।

সভায় আরও আলোচনা হয় যে, প্রকল্প কর্তৃক চর এলাকায় গরু পালন ও মোটাতাজাকরণের পাশাপাশি দুগ্ধবতী গাভী পালনের বিষয়ে পরামর্শ প্রদান করা যেতে পারে; সেক্ষেত্রে উৎপাদিত দুধের পরিমাণ বেশি হলে মিল্ক ভিটা'র সাথে লিংকেজ করা যেতে পারে এবং এ বিষয়ে সভায় সকল সদস্য একমত পোষণ করেন। এছাড়াও প্রকল্প এলাকায় ই-কমার্স চালু করা যায় কি না এ বিষয়ে উপস্থিত সকল সদস্য সুপারিশ প্রদান করেন।

৪.০ **বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ**

(ক) উন্নয়ন ঋণ উপকারভোগী/উদ্যোক্তাদের ১ বছর মেয়াদে প্রদান করতে হবে। সেক্ষেত্রে ১২ মাসে ১২টি কিস্তিতে টিএপিপি অনুসারে ৯% সার্ভিস চার্জসহ পরিশোধ করতে হবে। তবে বিশেষ কারণে মৌসুমী ঋণ ৪-৬ মাস মেয়াদে উপকারভাগীদের প্রদান করা যেতে পারে। এক্ষেত্রে ঋণ প্রদানের ৪/৬ মাস পরে এক কিস্তিতেই সার্ভিস চার্জসহ মূলধন পরিশোধ করতে হবে।

(গ) চর এলাকায় উপকারভাগীদের গরু পালন ও মোটাতাজাকরণের পাশাপাশি দুগ্ধবতী গাভী পালনের পরামর্শ প্রদান করতে হবে।

(ঘ) মোবাইল টাইপ স্টোরেজ নামকরণের পরিবর্তে পোর্টেবল স্টোরেজ নামকরণ করতে হবে। স্থাপনকৃত স্টোরেজে স্থানীয় উদ্ভাবনগুলো (Local Innovation) বাস্তবায়ন করতে হবে।

(ঙ) পোর্টেবল স্টোরেজ নির্মাণ এবং সৌর বিদ্যুৎ চালিত নলকূপ স্থাপন ব্যয়ের ৩০% অর্থ গ্রহণকারী/গ্রহণকারীগণ কর্তৃক Chars Development Research Centre (CDRC) কে পরিশোধ করতে হবে। সেক্ষেত্রে ৫% অর্থ ডাউন পেমেন্ট হিসেবে এবং অবশিষ্ট ২৫% অর্থ ৪ (চার) বছর মেয়াদে মাসিক/মৌসুমভিত্তিক কিস্তিতে সিডিআরসিকে পরিশোধ করতে হবে। সিডিআরসিতে উল্লিখিত জমাকৃত অর্থ পরবর্তীতে চরাঞ্চলে প্রযুক্তি হস্তান্তরে ব্যবহার করা যাবে।

(চ) প্রকল্পের কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের নিমিত্তে সময়মত অর্থছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ছ) পিএসসি-তে Swiss Agency for Development and Co-operation (SDC) এবং Swisscontact Bangladesh এর ২ (দুই) জন সদস্য যথাক্রমে: Embassy of Switzerland in Bangladesh হতে ডেপুটি হেড অফ কো-অপারেশন অথবা সিনিয়র প্রোগ্রাম অফিসার এর যে কোন একজন এবং Swisscontact Bangladesh এর এমফোরসি-২য় পর্যায় শীর্ষক প্রকল্পের টীম লিডারকে পর্যবেক্ষক হিসেবে রাখা হবে।

৫.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত ও Zoom Platform-এ অংশগ্রহণকারি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
সচিব

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৪৫.১৪.০৩৯.১৪.৫০

তারিখ: ২৯ কার্তিক ১৪২৮
১৪ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
২) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৪) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সদস্য (অতিরিক্ত দায়িত্ব), সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৭) অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৮) মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
৯) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
১০) যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১১) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১২) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১৩) পরিচালক (প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ) (ভারপ্রাপ্ত), প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ বিভাগ, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
১৪) প্রকল্প পরিচালক , পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া
১৫) Ms. Corinne Henchoz Pignani, Deputy Head of Co-operation, Swiss Agency for Development and Co-operation (SDC)Gulshan-2, Dhaka.
১৬) ড: সৈয়দা জিনিয়া রশিদ, সিনিয়র প্রোগ্রাম অফিসার, Swiss Agency for Development and Co-operation (SDC),গুলশান-২, ঢাকা। syeda-zinia.rashid@eda.admin.ch
১৭) জনাব আব্দুল আউয়াল, টিম লিডার, M4C phase-2, Swisscontact Bangladesh, গুলশান-২, ঢাকা।

ড. মোঃ গোলাম মোস্তফা
উপসচিব